কানাইঘাট বোরহান উদ্দিন বাজারে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুগ্রপের মধ্যে সংঘর্ষ

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট উপজেলার বোরহান উদ্দিন বাজারে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির স্থানীয় দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে৷

সিলেট জেলা বিএনপির ১ম সহ সভাপতি ও কানাইঘাট উপজেলা বিএনপির সাবেক সভাপতি মামুন রশীদ (চাকসু মামুন) ও সিলেট জেলা বিএনপির উপদেষ্টা, কানাইঘাট উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আশিক উদ্দিন চৌধুরীর গ্রুপের মধ্যে সংঘর্ষে ৩ জন আহত হয়েছেন।
আজ শুক্রবার (১৩ সেপ্টেম্বর) বাদ মাগরিব স্থানীয় বোরহান উদ্দিন বাজারে এ ঘটনা ঘটে। আহতরা হলেন লুৎফুর রহমান (৮০), বিএনপি নেতা মহি উদ্দিন(৪০) ও নাইম উদ্দিন মেম্বারের বড় ভাই শরিফ উদ্দিন (৩৫)।

জানা যায়, বিএনপি নেতা মামুন রশীদ গ্রুপের এক পরামর্শ সভা আজ বাদ মাগরিব স্থানীয় বোরহান উদ্দিন বাজারে ছিল। সভা চলাকালীন সময়ে বিএনপি নেতা আশিক চৌধুরী-আব্বাস গ্রুপের কর্মী ঝিংগাবাড়ী ইউপি সদস্য নাঈম উদ্দিন সভাস্থলে গিয়ে মিটিং এর বিরুদ্ধে মিছিল দিতে থাকেন। তখন হট্রগোল শুরু হয়। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। দু গ্রুপের নেতাকর্মীরা দেশীয় লাঠিসোটা নিয়ে মারামারি শুরু করেন। সংঘর্ষে উভয় পক্ষের ৩ জন আহত হয়েছেন বলে জানা গেছে।
এ বিষয়ে চাকসু মামুন গ্রুপের নেতা কানাইঘাট উপজেলা বিএনপির সাবেক সহ সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান রফিক আহমদ চৌধুরী বলেন, আমরা বিএনপির সবাইকে নিয়ে একটি পরামর্শ সভা করতেছিলাম। তখন উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্বাস উদ্দিনের নির্দেশে আমাদের শান্তিপূর্ণ সভায় হামলা করা হয়।
আমরা এ হামলার তীব্র নিন্দা জানাই।
এ বিষয়ে আব্বাস উদ্দিন চেয়ারম্যান বলেন, আমি গ্রামে একটি সালিশ বৈঠকে। এ বিষয়টি পুরোপুরি অবগত নয়। তবে যারা বাড়াবাড়ি করেছে

তারা ঠিক করে নাই।